গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

# নজিপুর সরকারি কলেজ

পত্নীতলা, নওগাঁ।

National University Code- 2402, Rajshahi Board Code-2600, EIIN- 123645

Tel: 02588885863, Mob: 01309-123645, E-mail: ngcol2009@gmail.com, Website: www.ngcol.gov.bd

স্মারক নং- ন.স.ক/ ৯০৩ /২০২৪ তারিখঃ ০৫/০৬/২০২৪ খ্রি.

## বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা নজিপুর সরকারি কলেজের সকল শিক্ষার্থীকে জানানো যাচ্ছে যে, বন অধিদপ্তর কর্তৃক আয়োজিত "জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা ২০২৪" উপলক্ষে বৃক্ষরোপন, সংরক্ষণ ও বৃক্ষের উপকারিতা সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। আগ্রহী ছাত্র/ছাত্রীদের সংযুক্ত নিয়মাবলী ও শর্ত মোতাবেক রচনা (সর্বোচ্চ ৭৫০ শব্দ) আহ্বান করা হচ্ছে। শিক্ষার্থীদেরকে আগামী ০৯/০৬/২০২৪ খ্রি. তারিখ সকাল ১০.০০ টার মধ্যে স্বহস্তে লিখা রচনা, ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি ও প্রতিযোগীর নাম, শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা, শ্রেণি, পিতা/মাত/অভিভাবকের নাম, যোগাযোগের ঠিকানা এবং মোবাইল নম্বর ইংরেজি ও বাংলায় আলাদা A4 সাইজ সাদা কাগজে লিখে জনাব মোঃ আব্দুল্লাহ-আল-মামুন, সহকারী অধ্যাপক, ভূগোল এর নিকট জমা দেয়ার জন্য নির্দেশ দেওয়া হলো।

প্রতিস্বাক্ষর

০৫/০৬/২০২৪

অধ্যক্ষ
প্রফেসর মোহাম্মদ মতিউর রহমান
নজিপুর সরকারি কলেজ
পত্নীতলা, নওগাঁ।

০৫/০৬/২৪
আহবায়ক
বৃক্ষ রোপন কমিটি
নজিপুর সরকারি কলেজ
পত্নীতলা, নওগাঁ।

E:\Amir Office file\Office File\Other lost files\office files\OFFICE FILE\Notice By Amirul\26 MARCH দেয়ালিকা.doc

Scanned with CamScanner

শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান বন সংরক্ষকের দপ্তর
বন অধিদপ্তর
বন ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

# পুনঃবিজ্ঞপ্তি

## রচনা প্রতিযোগিতা

বন অধিদপ্তর কর্তৃক আয়োজিত জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা ২০২৪ উপলক্ষে বৃক্ষরোপণ, সংরক্ষণ ও বৃক্ষের উপকারিতা সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের মধ্যে রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। সারাদেশের আগ্রহী ছাত্র/ছাত্রীদেরকে নিম্নবর্ণিত নিয়মাবলী ও শর্ত মোতাবেক ৩(তিন)টি গ্রুপে রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

| গ্রুপ | | রচনার বিষয়বস্তু | সর্বোচ্চ শব্দ সংখ্যা |
|---|---|---|---|
| ১ | 'ক' গ্রুপঃ স্কুল/মাদ্রাসা পর্যায়ে অধ্যয়নরত | "বৃক্ষ দিয়ে সাজাই দেশ, সমৃদ্ধ করি বাংলাদেশ।" | ৫০০ |
| ২ | 'খ' গ্রুপঃ কলেজ/সিনিয়র মাদ্রাসা পর্যায়ে অধ্যয়নরত | | ৭৫০ |
| ৩ | 'গ' গ্রুপঃ বিশ্ববিদ্যালয় কলেজ/ বিশ্ববিদ্যালয় পর্যায়ে অধ্যয়নরত | | ১০০০ |

শর্তাবলী/নিয়মাবলী :

১. আগ্রহী ছাত্র/ছাত্রীদেরকে বাংলা অথবা ইংরেজী ভাষায় উল্লিখিত বিষয়ে রচনা স্বহস্তে লিখতে হবে।

২. ছাত্র/ছাত্রীদের অবশ্যই অধ্যয়নের প্রমাণস্বরূপ নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র রচনার সাথে সংযুক্ত করতে হবে।

৩. সুপারিশকৃত রচনার মুলকপি এবং শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত পাসপোর্ট সাইজের ২(দুই) কপি ছবিসহ অফিস চলাকালীন সময়ে ডাকযোগে অথবা সরাসরি নিম্ন ঠিকানায় আগামী ১২ জুন ২০২৪ খ্রি. তারিখের মধ্যে অবশ্যই পৌছাতে হবে। বিলম্বে পৌছলে রচনা গ্রহণ করা হবেনা।

৪. প্রতিযোগীর নাম, শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা, শ্রেণী, পিতা/মাতা/অভিভাবকের নাম ও যোগাযোগের ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর ইংরেজী ও বাংলায় আলাদা কাগজে লিপিবদ্ধ করে রচনার সঙ্গে পাঠাতে হবে।

৫. খামের উপর প্রতিযোগিতার "গ্রুপ" উল্লেখ করে এবং "রচনা প্রতিযোগিতা" কথাটি লিখতে হবে। প্রত্যেক "গ্রুপ" এ প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারীকে পুরস্কার প্রদান করা হবে।

৬. রচনার শব্দ সংখ্যা ১০% এর অধিক হলে রচনা মুল্যায়নের জন্য বিবেচিত হবে না।

রচনা প্রেরণের ঠিকানা :
লিগ্যাল ইউনিট, কক্ষ নং-৪০১, বন ভবন,
শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭
ফোন : ০১৯৯৯০০০১০৪
ই-মেইল : legalunit402@gmail.com

২৩/০৫/২০২৪
(মোঃ এনামুল হক ভুঁইয়া)
উপবন সংরক্ষক
লিগ্যাল ইউনিট
বন ভবন, আগারগাঁও, ঢাকা
ও
সদস্য-সচিব
রচনা প্রতিযোগিতা আয়োজক উপ-কমিটি
জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা-২০২৪

জি-১১৩১/২৪ (৭x৩)

Scanned with CamScanner

প্র/১৭৪ + কমিটি (বৃক্ষ)
আলোচনা/বরেণ
মাসুদুর
১৫/৬/২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
সাধারণ প্রশাসন শাখা
www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০১.৯৭.০০১.২৪.৩৭২৩

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
০৪ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: জাতীয় বৃক্ষরোপন অভিযান ও বৃক্ষমেলা ২০২৪ উপলক্ষ্যে আয়োজিত রচনা প্রতিযোগিতার বিজ্ঞপ্তি প্রচার।

সূত্র: প্রধান বন সংরক্ষকের দপ্তর, লিগ্যাল ইউনিট, বন অধিদপ্তর এর স্মারক নং- ২২.০১.০০০০.০১২.৪০.০০১. ২৩. ৩৯৫; তারিখ: ২৭/০৫/২০২৪খ্রি.

উপর্যুক্ত বিষয়ে প্রধান বন সংরক্ষকের দপ্তর, লিগ্যাল ইউনিট, বন অধিদপ্তর এর স্মারক নং- ২২.০১.০০০০.০১২.৪০.০০১.২৩.৩৯৫; তারিখ: ২৭/০৫/২০২৪খ্রি. সংখ্যক পত্রের ছায়ালিপি (সংলগ্নীসহ) সদয় অবগতি ও পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এ সঙ্গে প্রেরন করা হলো।

সংযুক্ত: বর্ণনা মোতাবেক।

০৪-০৬-২০২৪
বিপুল চন্দ্র বিশ্বাস
উপপরিচালক
০২৪১০৫২১৭৩
ad-admin@dshe.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)/এইচএসটিটিআই (সকল);
২। অধ্যক্ষ, সরকারি/ বেসরকারি কলেজ/সরকারি টিচার্স ট্রেনিং কলেজ (সকল);
৩। উপপরিচালক, বিদ্যালয় ও পরিদর্শন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
৪। জেলা শিক্ষা অফিসার (সকল);
৫। প্রধান শিক্ষক, সরকারি/ বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় (সকল) এবং
৬। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।

স্মারক নম্বর:

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
০৪ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় সচিবালয় বাংলাদেশ, ঢাকা;
২। প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);

Scanned with CamScanner

[একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত পত্র]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বন অধিদপ্তর
প্রধান বন সংরক্ষকের দপ্তর, লিগ্যাল ইউনিট
বনভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭।

স্মারক নং-২২.০১.০০০০.০১২.৪০.০০১.২৩.৬৭৫ তারিখঃ ২৭/০৫/২০২৪ খ্রি.

**বিষয় : জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা ২০২৪ উপলক্ষ্যে আয়োজিত রচনা প্রতিযোগিতার বিজ্ঞপ্তি প্রচার।**

**সূত্র :** গত ২৫/০৫/২০২৪ তারিখ 'বাংলাদেশ প্রতিদিন' ও 'দি নিউ এজ' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বন অধিদপ্তর কর্তৃক প্রতি বছরের ন্যায় এ বছরও জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা ২০২৪ উপলক্ষ্যে বৃক্ষরোপণ, সংরক্ষণ, বৃক্ষের পরিচর্যা ও বনায়নের উপকারীতা সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়/মাদ্রাসার ছাত্র-ছাত্রীদের মধ্যে রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। এ লক্ষ্যে আয়োজিত রচনা প্রতিযোগিতার পুনঃবিজ্ঞপ্তি গত ২৫/০৫/২০২৪ তারিখ 'বাংলাদেশ প্রতিদিন' ও 'দি নিউ এজ' পত্রিকায় প্রকাশিত হয়েছে। উক্ত বিজ্ঞপ্তিটির আলোকচিত্র এতদসংগে প্রেরণ করা হলো। আপনার অধিনস্থ স্কুল ও কলেজসমূহে রচনা প্রতিযোগিতার বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে - ০১(এক) পাতা।

২৭/০৫/২০২৪
(মোঃ এনামুল হক ভূঁইয়া)
উপবন সংরক্ষক
লিগ্যাল ইউনিট
ও
সদস্য-সচিব
রচনা প্রতিযোগিতা আয়োজক উপ-কমিটি
ফোনঃ ০২-৫৫০০৬৭৮০।

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা অধিদপ্তর
ঢাকা
[দৃষ্টি আকর্ষণ : উপ-পরিচালক, সাধারণ প্রশাসন শাখা]।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, বন ভবন, আগারগাঁও, ঢাকা ও সভাপতি, রচনা প্রতিযোগিতা আয়োজক উপ-কমিটি এর নিকট প্রেরণ করা হলো।

Scanned with CamScanner